

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 28-03-2026**  
**Time: 07:35-07:40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**ADC-ELECTION :**

এডিসি নির্বাচনে মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আজ। গত ২৫শে মার্চ পর্যন্ত এডিসির আঠাশটি নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতার জন্য বিভিন্ন রাজনৈতিক দলের ১৮৬ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন। ২৬শে মার্চ স্কুটিনির পর ১৮১ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়।

\*\*\*\*\*

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট [www.newsonair.com](http://www.newsonair.com) ও [newsonair](http://newsonair) mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

\*\*\*\*\*

**Bye-Election :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনে বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণ ৩১শে মার্চ থেকে এবং পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ তেসরা এপ্রিল থেকে

শুরু হবে। রিটার্নিং অফিসার দেবযানী চৌধুরী জানিয়েছেন, ৩১শে মার্চ থেকে দোসরা এপ্রিল পর্যন্ত ৮০ উর্ধ্ব ১১৬ জন এবং বিশেষভাবে সফ্রম ৬৯জন ভোটারদের বাড়ি গিয়ে ভোটকর্মীরা ভোট গ্রহণ করবেন। এজন্য নির্বাচন দপ্তর মোট ৮টি দল গঠন করেছে। তিনি আরো জানান, নির্বাচনের কাজে নিযুক্ত ভোটকর্মী এবং অন্যান্য কর্মীদের ধর্মনগরের বীর বিক্রম ইনস্টিটিউশনে পোষ্টাল ব্যালটের ভোট গ্রহণ করা হবে আগামী তেসরা এবং চৌঠা এপ্রিল।

\*\*\*\*\*

### **ADC Election-Holiday :**

আসন্ন এডিসি নির্বাচনে ভোটারদের ভোটদানের সুবিধার জন্য রাজ্য শ্রম কমিশনারের কার্যালয় থেকে আগামী ১২ই এপ্রিল সরকারী কর্মচারী, সরকারী অধিগৃহীত শিল্প সংস্থার কর্মীদের সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে। এছাড়া সরকারী সংস্থা, সরকার অধিগৃহীত শিল্প সংস্থার ক্যাজুয়াল কর্মী দৈনিক হাজিরার কর্মীদেরও ভোটের দিন সবেতন ছুটি ঘোষণা করা হয়েছে।

\*\*\*\*\*

### **Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল আমতলী বৈষ্ণবটিলা সিদ্ধি সাইবাবা মন্দিরে রামনবমী উৎসবের উদ্বোধন করেন। রাজ্যপাল মন্দির প্রাঙ্গণে পৌঁছালে তাঁকে স্বাগত জানান মন্দির ট্রাস্টের সম্পাদক ড. পি এস এন রাজু। পরে রাজ্যপাল রাম নবমী উৎসব পালনের উদ্দেশ্য তুলে ধরেন।

\*\*\*\*\*

### **Finanace Minister :**

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন দেশবাসীকে আশ্বস্ত করেছেন, দেশে লকডাউনের মতো কোনও পরিস্থিতি তৈরি হবে না। সামাজিক মাধ্যমে তিনি বলেন, কেন্দ্রীয় সরকার গার্হস্থ্য ব্যবহারের জন্য পেট্রোল এবং

ডিজেলের উপর প্রতি লিটারে ১০ টাকা করে কেন্দ্রীয় আবগারি শুল্ক কমিয়েছে। পশ্চিম এশিয়ার সংকটের পরিপ্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরো উল্লেখ করেন, ডিজেল রপ্তানির উপর প্রতি লিটারে ২১ টাকা ৫০ পয়সা এবং এভিয়েশন টারবাইন ফুয়েলের উপর প্রতি লিটারে ২৯ টাকা ৫০ পয়সা শুল্ক আরোপ করা হয়েছে, যা অভ্যন্তরীণ ব্যবহারের জন্য এই পণ্যগুলির পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করবে।

\*\*\*\*\*

### **Lisenced Firearms :**

আসন্ন এডিসি নির্বাচনে আইন শৃঙ্খলা রক্ষা, শান্তি ও সম্প্রীতি অক্ষুন্ন রাখতে খোয়াই ও দক্ষিণ জেলার অন্তর্গত সমস্ত লাইসেন্সপ্রাপ্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ জমা দেওয়ার নির্দেশ জারি করেছেন জেলাশাসক। অস্ত্র আইন ১৯৫৯-এর অধীনে লাইসেন্সধারীদের সমস্ত ধরনের আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ আগামী ৩১ মার্চ'র মধ্যে থানায় জমা দিতে হবে।

\*\*\*\*\*

### **Control Room-Khowai :**

এডিসির হালাহালি-আশারামবাড়ি, রামচন্দ্রঘাট, মহারানীপুর-তেলিয়ামুড়া নির্বাচন কেন্দ্রে আসন্ন নির্বাচন উপলক্ষ্যে খোয়াই জেলার জেলাশাসকের কার্যালয়ের একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। এই কন্ট্রোল রুমের ফোন নম্বর হলো ১৯৫০। নির্বাচনের কাজ সম্পন্ন না হওয়া পর্যন্ত এই কন্ট্রোল রুম ২৪ ঘন্টা খোলা থাকবে।

\*\*\*\*\*

### **Mock Poll-South-LTV :**

দক্ষিণ জেলার শান্তিরবাজারের মুকুট অডিটোরিয়ামে গতকাল এডিসি'র বীরচন্দ্র-কলসী আসনের ভোটকর্মীদের প্রথম পর্বের মহড়া অনুষ্ঠিত হয়। সাক্ষরমের ঋষি অরবিন্দ মিলনায়তনে পূর্ব মুহুরীপুর-ভুরাতলি এবং

শিলাছড়ি-মনুবনকুল কেন্দ্রের ভোটকর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। এদিকে লংতরাইভ্যালি সরকারি ডিগ্রি কলেজে এডিসির ছামনু, মনু-ছৈলেংটা এবং দামছড়া-কচুছড়া আসনের ভোটকর্মীদের প্রথম পর্বের মহড়া অনুষ্ঠিত হয়। সংশ্লিষ্ট রিটার্নিং অফিসাররা ভোটকর্মীদের প্রশিক্ষণ দেন।

\*\*\*\*\*

### **Meeting-Khowai :**

শিশু সুরক্ষা ও গর্ভবতী মায়েদের মৃত্যুর হার কমিয়ে আনা এবং খোয়াই জেলার দুটি ব্লাড ব্যাংকে পর্যাপ্ত রক্তের যোগান বৃদ্ধি করার লক্ষে গতকাল খোয়াই জেলা প্রশাসন কার্যালয়ে দুটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পৌরহিত্য করেন জেলা শাসক রজত পান্ডা।

\*\*\*\*\*

### **Health Camp :**

দক্ষিণ জেলার কালা-লাউগাং ব্রু পুনর্বাসন কেন্দ্রে স্বাস্থ্য দপ্তরের উদ্যোগে এক মেগা স্বাস্থ্য শিবির গতকাল অনুষ্ঠিত হয়। শিবিরে ১২৭ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসা পরিষেবা ও পরামর্শ প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যে আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২১ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*